শিশুদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায়ও এগিয়ে আনতে হবে

রাঙ্গামাটি প্রতিনিধি:

শিশুদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায়ও এগিয়ে আনতে হবে। শিশুদের প্রতি বঙ্গবন্ধু এবং বঙ্গমাতার এই অসীম ভালবাসার প্রতি শ্রদ্ধা রেখেই আমাদের আগামী দিনের ভবিষ্যৎ আজকের শিশুদের গড়ে তুলতে হবে। বৃহস্পতিবার রাঙ্গামাটি চিংহ্লা মং মারী ষ্টেডিয়ামে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্ণামেন্টের জেলা পর্যায়ের খেলার উদ্বোধনকালে পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান বৃষ কেতু চাকমা এ কথা বলেন।

এসময় উদ্বোধনী অনুষ্ঠানে রাঙ্গামাটি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রওশন আলী, এডিপিও মো. মনসুর আলী, জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক বরুন বিকাশ দেওয়ান, সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ত্রিরতন চাকমা, বিশিষ্ট সমাজ সেবক দানবীর চাকমাসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

চেয়ারম্যান বৃষকেতু চাকমা বলেন, আমাদের আগামী দিনের ফুটবলার গড়ে তোলার জন্য তৃণমূল পর্যায় থেকে ক্ষুদে খেলোয়াড় সৃষ্টি করতে হবে। এই ধরনের ফুটবল টুর্নামেন্টের আয়োজন ভবিষ্যৎ খেলোয়াড়দের দক্ষ ফুটবলার হওয়ার পথ সৃষ্টি করবে। তিনি আরো বলেন, বিশ্বের বড় বড় খেলোয়াড়, পেলে, ম্যারাডোনা, মেসি, নেইমার, সুয়ারেজ, রোনাল্ডোসহ বিভিন্ন খেলোয়াড়দের কারণে আজ তাদের দেশ গর্বিত। এই দেশের দলগুলো ভালো খেলে বলেই বিশ্বের কাছে পরিচিত।

উদ্বোধনী খেলায় বঙ্গমাতা টুর্নামেন্টের বালিকাদের খেলায় কাপ্তাই উপজেলার চংড়াছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয় বরকল সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ২-০ গোলে পরাজিত করে। বালক দলের খেলায় বরকল মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় ৩-১ গোলে কাপ্তাই মুরালীপড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত করে।